

## বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ

নেতাজী ভবন, কাছারী রোড, পোঃ ও জেলা - বর্ধমান, ফোন নং : ২৬৬২৩৭১, ২৬৬২৩৭২

পত্রাংক : ৩১৬০/১৮

দিনাংক : ০২.০৬.২০১৪

প্রেরক : সচিব

বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ  
কাছারী রোড, বর্ধমান।

প্রাপক : অবর বিদ্যালয় পরিদর্শক, সকল শিক্ষাচক্র  
জেলা - বর্ধমান।

### বিষয় : ২০১৪-২০১৫ বর্ষের আয়কর সংক্রান্ত।

বিগত অর্থ বৎসরগুলির আয়কর রিটার্ন দাখিল করার পর যে সব অসঙ্গতি আয়কর দপ্তর কর্তৃক অত্র অফিসে জানানো হয়েছে সেগুলি অনুধাবন করে ২০১৪-১৫ অর্থ বৎসরের আয়কর রিটার্ন যাতে ত্রুটিমুক্তভাবে দাখিল করা যায় সে উদ্দেশ্যে সংযোজিত Format "A" and Format "B" দুটি সহ যে নির্দেশিকা দেওয়া হচ্ছে সেটি অনুধাবন করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

১) Format "A" অনুসারে যাঁদের বাৎসরিক আয় ২,০০,০০০ টাকার উর্ধ্বে তাঁদের কাছ হতে ব্যক্তিগত সঞ্চয়ের ও আয়ের আনুমানিক তথ্য সংগ্রহ করে আয়করের পরিমাণ নির্ধারণ করতে হবে।

উক্ত পরিমাণ অনুসারে যে সব শিক্ষক/শিক্ষিকার আয়কর পড়বে তাঁদের কাছ হতে আগামী জুলাই ২০১৪-র বেতনের বিল থেকে আয়কর কাটতে হবে।

আয়কর ন্যূনতম ২০০ টাকা করে প্রতিমাসে কাটতে হবে (যদি আয়করের পরিমাণ ১৫০০ টাকার তার বেশী হয়) এবং যাঁদের আয়করের পরিমাণ ১৫০০ টাকার বেশী হবে তাদের ১০০ টাকার গুণিতকে কাটতে হবে। (যেমন - ৩০০, ৪০০, ৫০০, ১০০০, ১৫০০) ইত্যাদি। অবসর গ্রহণকারী কোন শিক্ষক/শিক্ষিকার কিস্তির অর্থ ২০০ বা ১০০-র গুণিতকের কম হলে সেই পরিমাণই কাটতে হবে।

২) Format "B" টি প্রতিমাসের বিলের সাথে অবশ্যই দিতে হবে (জুলাই-২০১৪ হতে)। এই Format "B" সঠিকভাবে পূরণ করার জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ক) Format "B" অনুসারে প্রতিমাসে (যখন থেকে ট্যাক্স কাটা হবে) Income Tax deduction List-টি Computer print করে দিতে হবে এবং লিষ্টটির তথ্যাদি যাতে কোন কাটাকাটি না থাকে সে বিষয়ে নজর রাখতে হবে।

খ) PAN Card নম্বরটি সঠিকভাবে লিখতে হবে অন্যথায় শিক্ষকগণের I. Tax কাটা হলেও তা আয়কর দপ্তরে জমা পড়বে না। (২০১৩-১৪ বর্ষে অনেক চক্রে সেটি হয়েছে)

গ) I. Tax deduction List-এ শিক্ষক/শিক্ষিকাগণের Sex অবশ্যই লিপিবদ্ধ করতে হবে।

ঘ) বিলের deduction কলামের I. Tax কলামটির মোট যোগফলের সাথে I. Tax deduction List-এর যোগফল অবশ্যই মিলতে হবে।

ঙ) PAN Card নম্বর লেখার সময় দেখতে হবে ১০টি ঘরের মধ্যে ৪ নং ঘরটিতে অবশ্যই 'P' যেন লেখা থাকে।

চ) জুলাই মাসে deduction list যেটি কমপিউটার প্রিন্ট করা হবে তার ক্রমিক নং-এর পাশে যে শিক্ষকের নাম একবার লেখা হবে Upto Feb-2014 পর্যন্ত ঐ শিক্ষকের নামটি ঐ ক্রমিক নং লিখতে হবে। কোনো মাসে ক্রমিক নং পরিবর্তন করা যাবে না। যদি কোন শিক্ষক/শিক্ষিকা অবসর গ্রহণ করেন সেক্ষেত্রে তার ক্রমিক নং-টিতে Retired with date লেখা থাকবে। (Feb-2015 পর্যন্ত) এবং Gross Salary - 0 (Zero) করা থাকতে হবে।


ছ) কোন শিক্ষক/শিক্ষিকার আয়কর কাটার পর তিনি যদি অন্য কোন চক্রে বদলী হন সেক্ষেত্রেও ঐ শিক্ষকের ক্রমিক নং-এ শিক্ষক/শিক্ষিকার নাম লেখা থাকবে এং কোন চক্রে বদলী হচ্ছেন তা লিখতে হবে এবং কোন শিক্ষক/শিক্ষিকা বদলী হয়ে এলে যদি I. T কাটায় তার deduction list-এ শেষে নাম সংযোজন করতে হবে। (যে চক্রে/জেলা থেকে বদলী হয়ে এলেন তার নামগুলি লিখতে হবে মন্তব্যের ঘরে।(Deduction List-২টি copy সরবরাহ করতে হবে)

জ) জুলাই-২০১৪ হতে যে সমস্ত শিক্ষক/শিক্ষিকার আয়কর কাটা হবে তাদের PAN Card-এর পরিষ্কার জেরক্স কপি তালিকার ক্রম অনুসারে সাজিয়ে প্রথমবার অতি অবশ্যই deduction list -এর সাথে সংসদে পাঠাতে হবে।

ঝ) যে শিক্ষকের যে মাস থেকে আয়কর কাটা হবে তার পরবর্তী সময় হতে কোন্ মাসে আয়কর কাটা না হলেও সেই শিক্ষকের - Monthly Gross Salary deduction List-এ অবশ্যই উল্লেখ থাকতে হবে। (অবসর গ্রহণ বা বদলী ছাড়া)

ঞ) প্রতি মাসের deduction List-এর তালিকা এবং Bank Journalটি অতি অবশ্যই e.mail (dpscburdwan@gmail.com) করে সংসদে প্রেরণ করতে হবে।

ট) আগামী অর্থ বৎসরে ২০১৫-১৬ বৎসরের শুরু থেকেই উক্ত নির্দেশিকা মোতাবেক আয়কর কাটা শুরু করতে হবে অন্যথায় আয়কর দপ্তরের নির্দেশ মোতাবেক আয়করের অর্থ মাসিক ১% হারে সুদসহ আয়কর হিসাবে কাটতে হবে।

  
সচিব ২-৬-২০১৪

বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ  
বর্ধমান।

পত্রাংক :

দিনাংক :

অনুলিপি দেওয়া হইল :

- ১) বিত্ত আধিকারিক, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ২) প্রধান সহায়ক, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৩) গাণনিক, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৪) বিভাগীয় প্রধান, বিল বিভাগ, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।
- ৫) কর্মী সহায়ক, বিল বিভাগ, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।

  
সচিব

বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বর্ধমান।